

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ৪৪৯৯
আগরতলা, ৭ মার্চ, ২০১৯

আন্তর্জাতিক নারী দিবস
আগরতলায় বর্ণাঢ্য র্যালি

আন্তর্জাতিক নারী দিবস উদযাপন উপলক্ষে আজ আগরতলায় সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের উদ্যোগে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালিটি রবীন্দ্র শতবার্ষিকীভবন প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের বিভিন্ন পথ পরিক্রমা করে উমাকান্ত একাডেমি ময়দানে এসে মিলিত হয়। সেখানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা, কৃষিমন্ত্রী প্রণজিৎ সিংহরায়, ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী, সংশ্লিষ্ট দপ্তরের অধিকর্তা ডি রিয়াং সহ দপ্তরের অন্যান্য আধিকারিকবৃন্দ।

অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা বলেন, ভারতবর্ষে মহিলাদের সংখ্যা পুরুষদের চাইতে কম। বোটি বাচাঁও, বোটি পড়াও, সুকন্যা সমৃদ্ধি যোজনা এবং অন্যান্য প্রকল্পের মাধ্যমে বর্তমান কেন্দ্রীয় সরকার মহিলাদের ক্ষমতায়নের জন্য কাজ করে চলছে। তিনি আরও বলেন, দেশে অনেক আইন থাকা সত্ত্বেও মহিলাদের উপর নির্যাতনের ঘটনা ঘটছে। মহিলা ও পুরুষ সকলের সমবেত প্রচেষ্টার মাধ্যমেই এই অবস্থা থেকে বেরিয়ে আসা সম্ভব। তিনি বলেন, রাজ্যের নতুন সরকার ‘সবকা সাথ সবকা বিকাশ’ এই দিশাতে কাজ করছে। আর মহিলাদের ক্ষমতায়ন ছাড়া এই লক্ষ্যে কখনও পৌঁছানো সম্ভব নয়।

ত্রিপুরা মহিলা কমিশনের চেয়ারপার্সন বর্ণালী গোস্বামী বলেন, যুব সমাজকে মহিলাদের ক্ষমতায়ন, সমানাধিকার ও মহিলা নির্যাতনমুক্ত সমাজ গঠনের জন্য সদর্থক ভূমিকা নিতে হবে। আজকের এই র্যালিতে বিভিন্ন বিদ্যালয়, কলেজের ছাত্র-ছাত্রী সহ আশাকর্মীরাও অংশগ্রহণ করেন। র্যালিতে নারী দিবসের বিভিন্ন ভাবনা সম্বলিত ট্যাবলুও প্রদর্শিত হয়।
